# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৩

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِإِبَاحَةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3343 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سَعِيدِ بْنِ عَمْرِو بْنِ شُرَحْبِيلَ بْنِ سَعِيدِ بْنِ سَعْدِ بْنِ عُبَادَةَ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: خَرَجَ سَعْدُ بْنُ عُبَادَةَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَعْضِ مَغَازِيهِ وَحَضَرَتْ أُمَّهُ الْوَفَاةُ بِالْمَدِينَةِ فَقِيلَ لَهَا أُوصِي فَقَالَتْ: فَبِمَ أُوصِي إِنَّمَا الْمَالُ مَالُ سعد فتُوفِّيت قَبْلَ أَنْ يَقْدَمَ سَعْدٌ فَلَمَّا قَدِمَ سَعْدٌ ذُكِرَ ذَلِكَ لَهُ فَقَالَ سعد: يارسول اللَّهِ هَلْ يَنْفَعُهَا أَنْ أَتَصَدَّقَ عَنْهَا؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (نَعَمْ) فَقَالَ سَعْدٌ: حَائِطُ كَذَا وَكَذَا صَدَقَةٌ عَلَيْهَا – لحائطٍ سَمَّاهُ

حسن ـ ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (2500).

বাংলা

৩৩৪৩. সাঈদ বিন আমর বিন শুরাহবীল বিন সাঈদ বিন সা‘দ বিন উবাদাহ তার ও দাদার পরম্পরায় হাদীস বর্ণনা করেছেন, তার দাদা বলেন, “একবার সা‘দ বিন উবাদাহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন এক যুদ্ধে বের হন। এই সময় মদীনার তার মা মুমূর্ষু অবস্থায় নিপতিত হন। তখন তার মাকে বলা হলো, “আপনি অসিয়ত করুন।” জবাবে তিনি বলেন, “আমি কী অসিয়ত করবো, সম্পদ তো সা‘দের।” অতঃপর সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু মদীনায় আসার আগেই তিনি মারা যান। তারপর সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু মদীনায় আসলে, তাকে বিষয়টি অবহিত করা হয়। তখন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি যদি তার পক্ষ থেকে সাদাকাহ করি, তবে সেটা কি তার উপকারে আসবে?” তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হ্যাঁ (উপকার হবে)।” তখন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “ওমুক ওমুক বাগান তার পক্ষ থেকে সাদাকাহ করে দিলাম।” রাবী বলেন, “তিনি বাগানের নাম ধরে বলেন।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৭৬০; নাসাঈ: ৬/২৫০-২৫১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫০০; হাকিম: ১/৪২০; সুনান বাইহাকী: ৬/২৭৮; তাবারানী: ৫৩৮২; সহীহুল বুখারী: ২৭৬২; আবূ দাঊদ: ২৮৮২; তিরমিযী: ৬৬৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা সহীহ ইবনু খুযাইমাহ: ২৫০০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92676

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন